

(প্রেস বিজ্ঞপ্তি)

১১ মে ২০২২

সাগরিকা জহুর আহম্মদ চৌধুরী স্টেডিয়ামে পরিচ্ছন্ন কাজ পরিদর্শন করেন ভারপ্রাপ্ত মেয়র

সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত মেয়র মো. গিয়াস উদ্দীন বলেছেন, চট্টগ্রাম নগরীকে একটি পরিচ্ছন্ন নগরী হিসেবে গড়ে তোলার জন্য চসিক যে কাজ গুলো হাতে নিয়েছে তা শতভাগ বাস্তবায়ন করতে হবে। নগরীর সাগরিকাস্থ জহুর আহম্মদ চৌধুরী বিভাগীয় স্টেডিয়ামের সুন্দর পরিবেশে খেলোয়াড়ের জন্য উৎসাহ যোগাবে বলে তিনি মন্তব্য করেন। আজ বুধবার সকালে জহুর আহম্মদ চৌধুরী স্টেডিয়ামের পরিচ্ছন্নতা কাজ পরিদর্শন করতে গিয়ে ভারপ্রাপ্ত মেয়র এ কথা বলেন।

এ সময় উপস্থিত ছিলেন বিসিবি'র ক্রিকেট বোর্ডের ভাইস চেয়ারম্যান সাবেক মেয়র আ.জ.ম নাছির উদ্দীন, কাউন্সিলর হাসান মুরাদ বিপ্লব, আব্দুস সালাম মাসুম, গোলাম মোহাম্মদ জোবায়ের, মহানগর আওয়ামী লীগ নেতা নোমান আল মাহমুদ, মো. ইছা, মো. বেলাল, বিসিবি'র ক্রিকেট বোর্ডের ম্যানেজার ফজলে বারী খান, কিউরেটর জাহিদ রেজা বাবু, মিডিয়া নির্বাহী সাইফুল আলম বাবু প্রমুখ।

ভারপ্রাপ্ত মেয়র আরো বলেন, বাংলাদেশকে ২০৪১ সালের মধ্যে একটি উন্নত ও সমৃদ্ধ দেশে পরিণত করার জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনা কঠোর পরিশ্রম করে যাচ্ছেন। চট্টগ্রামের উন্নয়নের প্রতি তিনি বিশেষ ভাবে গুরুত্ব দিয়ে অনেকগুলো মেগা প্রকল্প বাস্তবায়ন করছেন। এই মেগা প্রকল্পগুলো বাস্তবায়িত হলে চট্টগ্রাম নগরী দক্ষিণ পূর্ব এশিয়ার মধ্যে অন্যতম অর্থনৈতিক হাব হিসেবে গুরুত্ব পাবে। জহুর আহম্মদ স্টেডিয়ামে শ্রীলঙ্কার সাথে বাংলাদেশের অনুষ্ঠিত ম্যাচের সময় পরিচ্ছন্ন কার্যক্রমসহ সার্বিক পরিবেশ রক্ষা করার জন্য সংশ্লিষ্টদের প্রতি তিনি নির্দেশনা প্রদান করেন।

পাথরঘাটা চুলাতলী বান্ডেল খাল পরিদর্শনকালে ভারপ্রাপ্ত মেয়র দ্রুত সময়ের মধ্যে পানি চলাচলে খালের প্রতিবন্ধকতা অপসারণ করতে হবে

নগরীর পাথরঘাটা চুলাতলী বান্ডেল খালের পানি চলাচলের প্রতিবন্ধকতা পরিদর্শন করতে গিয়ে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত মেয়র মো. গিয়াস উদ্দীন বলেছেন, জলাবদ্ধতা নিরসনে চট্টগ্রাম নগরীতে যে, মেগা প্রকল্পের কাজের স্বার্থে অনেকগুলো খালের উপর বাঁধ দেয়ার ফলে বর্ষায় ব্যাপক জলজট সৃষ্টি হচ্ছে। এ ব্যাপারে চসিকের পক্ষ থেকে বার বার তাগাদা দেয়ার পরও অনেকগুলো খালের উপর তৈরী বাঁধ অপসারণ করা হয়নি। সেই রকম একটি খাল হলো বান্ডেল খাল। এই বান্ডেল খাল দিয়ে নগরীর কোর্ট হিল, নিউ মার্কেট, পাথরঘাটা, ফিরিঙ্গীবাজার এলাকার পানি নিষ্কাশন হয়। তিনি দ্রুত সময়ের মধ্যে প্রকল্প বাস্তবায়ন সংস্থাকে বান্ডেল খালসহ নগরীর যে সব খালে বাঁধ দেয়া হয়েছে তা অপসারণ করে পানি চলাচলের ব্যবস্থা করার জন্য প্রকল্প পরিচালকের প্রতি আহ্বান জানান। তিনি আরো বলেন, নগরীতে যেসব খাল বা নালায় মেগা প্রকল্পের কাজ চলমান আছে তাতে কোন ধরণের দুর্ঘটনা যেন না ঘটে এর জন্য বেস্তনি তৈরী করতে হবে। এ সময় উপস্থিত ছিলেন বাংলাদেশ রেলওয়ে সংসদীয় কমিটির সভাপতি এ.বি.এম ফজলে করিম চৌধুরী এমপি, ওয়ার্ড কাউন্সিলর জহুর লাল হাজারী, হাসান মুরাদ বিপ্লব, আব্দুস সালাম মাসুম, প্রকল্প পরিচালক কর্নেল শাহ আলী প্রমুখ।

মাদারবাড়ি পোর্ট সিটি হাউজিং এলাকা পরিদর্শনে ভারপ্রাপ্ত মেয়র চসিকের খালি জায়গায় আয়বর্ধক প্রকল্প গ্রহণ করা হবে

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত মেয়র মো. গিয়াস উদ্দীন বলেছেন, চট্টগ্রাম সিটি কর্পোরেশনকে আর্থিকভাবে সাবলম্বি করতে চসিকের পরিত্যক্ত খালি জায়গায় আয়বর্ধক প্রকল্প গ্রহণ করে উন্নয়নের আওতায় আনা হবে। তিনি আজ বুধবার নগরীর মাদারবাড়ি পোর্ট সিটি হাউজিং প্রকল্পের সীমানা প্রাচীর নির্মাণ কাজ পরিদর্শন করতে গিয়ে এ কথা বলেন। তিনি আরো বলেন, চসিক একটি সেবা প্রদানকারী প্রতিষ্ঠান হলেও দেশের অন্যান্য সিটি কর্পোরেশনের তুলনায় শিক্ষা-স্বাস্থ্য বিভাগে ব্যাপক ব্যয় বহন করতে হয়। মন্ত্রণালয়ের অনুমোদনের মাধ্যমে আয়বর্ধক প্রকল্প গ্রহণ করে আর্থিক সাবলম্বী হওয়ার উদ্যোগ নেয়া হবে। তিনি মাদারবাড়ি আবাসন প্রকল্পের যে কাজগুলো এখনো সম্পন্ন হয় নাই তা দ্রুততার সাথে সম্পন্ন করতে সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করেন। এ সময় উপস্থিত ছিলেন ওয়ার্ড কাউন্সিলর গোলাম মোহাম্মদ জোবারের, হাসান মুরাদ বিল্লব, আব্দুস সালাম মাসুম প্রমুখ।

চসিকের ভ্রাম্যমাণ আদালত পরিচালিত ফুটপাথ ও রাস্তা দখল করে ব্যবসা পরিচালনার দায়ে ২০ ব্যক্তিকে ৭২ হাজার টাকাসহ ৮৮ হাজার টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ বুধবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী'র নেতৃত্বে জাকির হোসেন রোড ও পাহাড়তলী ওয়ার্ল্ডস এলাকায় রাস্তা ও ফুটপাথ দখল করে ব্যবসা প্রতিষ্ঠানের মালামাল রেখে চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টির দায়ে ৮ দোকানদারের বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ২০ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। একই অভিযানে পলিথিনমুক্ত পরিবেশ বান্ধব নগরী গড়ার লক্ষ্যে পাহাড়তলী থানাধীন ঝাউতলা বাজারে পলিথিন বিরোধী অভিযান পরিচালিত হয়। এই সময় দুইটি দোকান থেকে পলিথিন ব্যাগ জব্দ করা হয় এবং পলিথিন ব্যাগ বর্জনের জন্য দোকান মালিক ও ফ্রেতা সাধারণের মাঝে সচেতনতা সৃষ্টি করা হয়। আরেক অভিযানে স্পেশাল ম্যাজিস্ট্রেট মনীষা মহাজনের নেতৃত্বে নগরীর চান্দগাঁও আরাকান রোডের মৌলভী পুকুরপাড় থেকে সিএন্ডবি বালুরটাল পর্যন্ত রাস্তা ও ফুটপাথে নির্মাণ সামগ্রী ও মালামাল রেখে জনসাধারণের চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টির দায়ে ১২ ব্যক্তির বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ৫২ হাজার টাকা জরিমানা করা হয়। একই আদালত চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নিরাপদ খাদ্য পরিদর্শকের দায়েরকৃত মামলায় ২ ব্যক্তিকে ১৬ হাজার টাকা জরিমানা করা হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটগণকে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩